



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৬ মার্চ ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

বন্দুকভাঙায় সন্ত্র-উষাতন গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীদের ব্রাশফায়ারে

এক ইউপিডিএফ সদস্য আহত, নিখোঁজ ১

### ইউপিডিএফের নিন্দা ও প্রতিবাদ, সন্ত্রাসীদের গ্রেফতারের দাবি

রাঙামাটি সদরের বন্দুকভাঙা ইউনিয়নের চেয়ারম্যানটিলা নামক স্থানে জেএসএস সন্ত্র-উষাতন গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীদের ব্রাশফায়ারে ইউপিডিএফ সদস্য পিকাশ চাকমা ওরফে নিকাশ(২৫) গুরুতর আহত হয়েছেন। এছাড়া সুসময় চাকমা ওরফে কাপন (৩৫) নামে অপর এক সদস্য নিখোঁজ হয়েছেন। আজ ২৬ মার্চ বুধবার সকাল আনুমানিক সাড়ে ৮টার দিকে এ ঘটনা ঘটে।

আহত পিকাশ চাকমা ঘিলাছড়ি ইউনিয়নের করেটছড়ি গ্রামের অজিত কুমার চাকমার ছেলে আর নিখোঁজ সুসময় চাকমা জুরাছড়ি উপজেলার বনযোগীছড়া ইউনিয়নের কদুরখীল গ্রামের অশোক কুমার চাকমার ছেলে।

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটে সংগঠক সচল চাকমা এক বিবৃতিতে এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে সন্ত্রাসীদের গ্রেফতারের দাবি করেছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বর্ণনা দিয়ে বলেন, আজ বুধবার সকালে ইউপিডিএফ'র দুই সদস্য পিকাশ চাকমা ও সুসময় চাকমা ইঞ্চিচালিত বোট যোগে সাংগঠনিক কাজে যাচ্ছিলেন। যাবার পথে চেয়ারম্যান টিলা নামক স্থানে পৌঁছলে সেখানে আগে থেকে গুঁপেতে থাকা সন্ত্র-উষাতন গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীরা তাদের বোট লক্ষ্য করে অতর্কিতে উপর্যুপরি ব্রাশফায়ার করে। এতে জীবন বাঁচানোর তাগিদে পিকাশ ও সুসময় কাণ্ডাই লেকের পানিতে ঝাঁপ দেন। পরে স্থানীয় এলাকাবাসী পিকাশ চাকমাকে আহত অবস্থায় উদ্ধার করলেও সুসময় চাকমা এখনো নিখোঁজ রয়েছেন। পিকাশ চাকমার পিঠে ও দুই হাতে গুলিবিদ্ধ হয়েছে। আহত অবস্থায় তাকে চিকিৎসার জন্য চট্টগ্রামে পাঠানো হয়েছে। নিখোঁজ সুসময় চাকমাকে এখনো খুঁজে পাওয়া যায়নি।

বিবৃতিতে তিনি এ ঘটনাকে কাপুরুষোচিত ও ন্যাকারজনক উল্লেখ করে বলেন, সন্ত্র-উষাতন তালুকদারের নির্দেশে তাদের লেলিয়ে দেয়া সন্ত্রাসীরা একের পর এক ইউপিডিএফের কর্মীদের উপর সশস্ত্র হামলা চালাচ্ছে। উষাতন তালুকদার এমপি নির্বাচিত হওয়ার পর থেকে তাদের পালিত সন্ত্রাসীরা রাঙামাটির বিভিন্ন জায়গায় সশস্ত্র অবস্থান নিয়ে এলাকায় ত্রাসের রাজত্ব কয়েম করছে। প্রকাশ্যে তারা সশস্ত্র কর্মকাণ্ড চালালেও প্রশাসন তাদের বিরুদ্ধে কোন পদক্ষেপ না নিয়ে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা প্রদান করে যাচ্ছে। যার ফলে তারা সন্ত্রাসী কর্মকাণ্ডে বেপরোয়া হয়ে উঠেছে।

বিবৃতিতে তিনি সন্ত্রাসী লারমা ও উষাতন তালুকদারের প্রতি খুন-খারাবির রাজনীতি বন্ধ করার আহ্বান জানিয়ে বলেন, এধরনের খুনের রাজনীতি পরিহার করে জনগণের কল্যাণে কাজ করুন। আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান ও এমপি'র ক্ষমতাবলে যেভাবে খুন-খারাবি চালাচ্ছেন তা অবিলম্বে বন্ধ করুন। অন্যথায় সকল পরিস্থিতির জন্য আপনারাই দায়ী থাকবেন।

বিবৃতিতে তিনি অবিলম্বে সশস্ত্র হামলাকারী সন্ত্র-উষাতন গ্রুপের সন্ত্রাসীদের গ্রেফতার ও তাদের সশস্ত্র তৎপরতা বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।